

- উৎসব -

[ধর্ম ও দেবতার সমাজতত্ত্ব নিয়ে এতক্ষণ যা বলা হল, তা ছাড়াও কিন্তু ধর্মের আর একটি ব্যবহারিক দিক আছে। কেবল বিশ্বাস এবং ধ্যান-ধারণা-কল্পনাই ধর্মের সমগ্র রূপ নয়। “Belief alone does not constitute a religion: the rites and mundane practices associated with belief are an essential constituent of the whole.” (Raymond Firth). ধর্মের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে সংযুক্ত আচার-অনুষ্ঠান, উৎসব-পার্বণ সমস্ত নিয়েই ধর্মের পরিপূর্ণ রূপটা ফুটে ওঠে। এই আচার-অনুষ্ঠান, উৎসব-পার্বণের সামাজিক তাৎপর্য ধর্মের তত্ত্বকথার চেয়ে অনেক বেশি প্রত্যক্ষ ও ব্যাপক। “Rituals reflect and express structural arrangements of the society... They provide occasion for group assembly, and reaffirm social values. They stimulate economic productivity and condition the system of disbursement of resources. They allow individuals to handle social apparatus to advantage” (Raymond Firth)